

PRINT

সমকাল

প্রাথমিক বিদ্যালয়

উন্নয়ন প্রকল্পে গতি থাকুক

১১ ঘণ্টা আগে

শিক্ষার ভিত্তি প্রাথমিক বিদ্যালয়। সমাজ থেকে নিরক্ষরতা দূর করতে হলে শিক্ষার সুযোগ-সুবিধা সম্প্রসারিত করতেই হবে। এ জন্য সর্বাত্মক দরকার বিদ্যালয়ের উন্নয়ন এবং শিক্ষার যথাযথ পরিবেশ নিশ্চিত করা। বুধবার সমকালে প্রকাশ, চাহিদা অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের আওতায় গত দু'বছরে দুই হাজার ৬৫০টি বিদ্যালয়ের উন্নয়নে দরপত্র আহ্বান করা হলেও এ সময়ে মাত্র ৪২টি বিদ্যালয়ের উন্নয়ন কাজ শেষ হয়েছে। সম্প্রতি প্রকল্প বাস্তবায়ন কমিটির বৈঠকে এ নিয়ে অসন্তোষ প্রকাশ করা হয়েছে। ২০১৬ সালের ডিসেম্বরে সারাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়নে ৯ হাজার ১২৩ কোটি টাকা ব্যয়ে প্রকল্প একনেকে অনুমোদন পায়। শ্রেণিকক্ষের উন্নয়ন, সৌরবিদ্যুৎ প্যানেল, আসবাবপত্র, শিক্ষার্থীদের খেলার মাঠ উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে যে ধীরগতি পরিলক্ষিত হচ্ছে, তাতে মানসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিতকরণে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়েই অবকাঠামোর তুলনায় শিক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ার কারণে শিক্ষার মান ঠিক রাখা যাচ্ছে না। নতুন বিদ্যালয় প্রতিষ্ঠার পাশাপাশি প্রতিষ্ঠিত বিদ্যালয়গুলোতে যেসব সমস্যা রয়েছে, সেসব নিরসনে কার্যকর ভূমিকা নিতে হবে। দেশের অনেক প্রাথমিক বিদ্যালয়ে রয়েছে শিক্ষক সংকট। অবকাঠামোগত সংকট নিরসনের পাশাপাশি বিদ্যমান সব সমস্যা-সংকটের নিরসন করতে না পারলে শিক্ষার মানোন্নয়নসহ সামগ্রিক অগ্রগতি নিশ্চিত করা যাবে না। অর্থনৈতিক কারণে প্রাথমিক স্তরে শিক্ষার্থী ঝরে পড়ার অবকাশ এখন কম। বেশিরভাগ ক্ষেত্রে স্কুল ছেড়ে দেওয়ার কারণে নিরানন্দ পরিবেশসহ অবকাঠামোগত সংকট। লেখাপড়ায় আনন্দ খুঁজে না পাওয়া শিক্ষার্থীকে শুধু বিনামূল্যে বই দিয়ে, বৃত্তি দিয়ে কিংবা অন্য নানা প্রকারে চেষ্টা করেও বিদ্যালয়ে রাখা কঠিন। বিদ্যালয়ের অবকাঠামো যুগোপযোগী করাসহ সার্বিক উন্নয়ন নিশ্চিত করার ক্ষেত্রে গৃহীত প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের বিকল্প নেই। শুধু মফস্বল কিংবা প্রত্যন্ত অঞ্চলেই নয়, শহরাঞ্চলের অনেক বিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক নয়। শিক্ষা খাতের অর্জনের ব্যাপারে সরকারি মহলে আত্মতুষ্টি লাভ সঙ্গত হলেও, প্রকৃতপক্ষে এই খাতের লক্ষ্য অর্জনে এখনও অনেক কিছু করণীয় রয়েছে। শিক্ষার মানোন্নয়নে কাঠামোগত উন্নয়ন ও সার্বিক ব্যবস্থাপনার গুণগত পরিবর্তন জরুরি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com